

DCA'র লেবার পলিসি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অফিস (OLPS) হল কর্মীদের জন্য সিটি সরকারের একটি নিবেদিত কণ্ঠস্বর। দুর্বল কর্মীদের সাহায্য করার দায়িত্ব নিয়ে OLPS কাজের জায়গায় অভিবাসী, বিভিন্ন বর্ণের মানুষ ও মহিলাদের প্রভাবিত করা সমস্যাগুলির দিকে মনোযোগ দিতে আমাদের আদেশকে সর্বান্তকরণে গ্রহণ করেছে।

OLPS:

- পৌর কাজকর্মের প্রধান আইনগুলি বলবৎ করে।
- মূল গবেষণা, হাত বাড়িয়ে দেওয়া ও শিক্ষাপরিচালনা করে।
- নিউ ইয়র্ক সিটির গড়ে উঠতে থাকা অর্থনীতি ও কর্মীদের প্রতি সংবেদনশীল নীতিগুলির বিকাশ ঘটায়।

NYC Consumer Affairs

সমৃদ্ধিশালী সম্প্রদায় তৈরি করতে নিউইয়র্কবাসীদেরকে NYC উপভোক্তা বিষয়ক দপ্তর সুরক্ষা দেয় ও দৈনিক আর্থিক অবস্থার উন্নতি করে। আমাদের শ্রম নীতি ও মানক অফিসের কাজের মাধ্যমে, DCA কমরত পরিবারদের আর্থিক স্বাস্থ্য এবং কর্ম জীবনের ভারসাম্য অর্জন করতে প্রয়োজনীয় সরঞ্জাম এবং সম্পদ প্রদানের মাধ্যমে ক্ষমতা দেয়।

সংস্থানগুলি:

নমুনা চুক্তি

DCA এমন মডেল চুক্তি তৈরি করেছে যা আইন মেনে চলে যা নিয়োগকারী পক্ষগুলি ও স্বাধীন কর্মীরা পর্যালোচনা করতে পারেন। অনুগ্রহ করে nyc.gov/dca-তে যান।

ক্ষুদ্র ব্যবসার সংস্থান

প্রচলিত ব্যবসায়িক প্রবিধান সম্পর্কে আরও জানতে এবং আপনার ব্যবসায় সহায়তার জন্য সংস্থানে অভিজ্ঞ হতে nyc.gov/business-এ যান।

স্বাধীন কর্মীর সংস্থান

সিটি যোগ্য ব্যক্তিদেরকে বিনামূল্যের ও কম খরচের পরিষেবা পেশ করছে, যার মধ্যে রয়েছে স্বাস্থ্যবীমা, আর্থিক কাউন্সেলিং ও কর প্রস্তুতি। আপনি আপনার স্বাধীন কর্মীদেরকে nyc.gov/dca-তে থাকা সংস্থানগুলির দিকে নির্দেশ করতে পারেন।

আপনি কি স্বাধীন কর্মীদের নিয়োগ করেন?

NYC আইন সম্বন্ধে জানুন

বাংলা | Bengali

NYC Consumer Affairs
Office of the Mayor
Lorelei Salas
Commissioner

আপনি NYC-তে কোন স্বাধীন কর্মীকে নিয়োগ করলে ফ্রিল্যান্স ইজেন'ট ফ্রি আইন, যেটি মে 15, 2017'য় কার্যকর হয়েছে, তার অধীনে আপনার আইনি দায়িত্ব রয়েছে। আপনার আইন সংক্রান্ত কোন প্রশ্ন থাকলে ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যাফেয়ার্স (DCA)-এর মধ্যকার লেবার পলিসি অ্যান্ড স্ট্যান্ডার্ডস-এ আপনি যোগাযোগ করতে পারেন।

আপনাদের গুরুত্বপূর্ণ দায়িত্ব ও সংস্থান সম্পর্কে জানাতে DCA এই সারমর্মটি তৈরি করেছে।

আরও তথ্যের জন্য, **311-তে কল করুন** এবং “Freelance Workers”-এর কথা জিজ্ঞাসা করুন অথবা nyc.gov/dca-তে যান।

আওতায় থাকা নিয়োগকারী পক্ষ কে?

নিয়োগকারী পক্ষ হল এমন কেউ, কোন সরকারী সত্তা ছাড়া, যে একজন স্বাধীন কর্মীকে নিয়োগ করে।

আওতায় থাকা স্বাধীন কর্মী কে?

স্বাধীন কর্মী হলেন একজন ব্যক্তি যাঁকে নিয়োগকারী পক্ষ ক্ষতিপূরণের বিনিময়ে পরিষেবা প্রদান করার জন্য স্বাধীন ঠিকাদার হিসেবে নিয়োগ করেছে। যে সমস্ত শিল্পে স্বাধীন কর্মীদের বেশী নিয়োগ করা হয় সেগুলি হল:

- ফিল্ম ও ভিডিও
- গ্রাফিক ও ওয়েব ডিজাইন
- গৃহ চুক্তি ও মেরামতি
- মিডিয়া
- ফটোগ্রাফি
- অনুবাদ

ব্যতিক্রম:

নির্দিষ্ট বিক্রয় প্রতিনিধিদের, অ্যাটর্নিদের এবং লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসা পেশাদারদের স্বাধীন কর্মীর সংজ্ঞা থেকে বাদ দেওয়া হয়েছে।

আইনটি সাধারণভাবে যৌথ দরকষাকষির অধীনে কাজ করার জন্য প্রযোজ্য নয় যেখানে কর্মীদের সংজ্ঞা হল কর্মচারী।

কর্মচারী, না স্বাধীন ঠিকাদার?

একজন কর্মী আইনতঃ “স্বাধীন ঠিকাদার” হোন বা না হোন তা বিভিন্ন বিষয়ের উপর এবং আপনার কাজের ব্যবস্থার প্রকৃতির উপর নির্ভর করে। আপনার কর্মীদের কাজের সঠিক শ্রেণীবিভাজন করা হয়েছে কিনা তা বুঝতে সাহায্য করার সংস্থানের জন্য অনুগ্রহ করে nyc.gov/dca-তে যান। কাজের শ্রেণীবিভাজন সম্পর্কে কোন প্রশ্ন থাকলে আপনি DCA'র সঙ্গে freelancer@dca.nyc.gov-এও যোগাযোগ করতে পারেন। **যদিও DCA কোন আইনি পরামর্শ প্রদান করে না।**

আপনার দায়িত্ব

এই আইনটি স্বাধীন কর্মীদের, তাঁদের অভিধায়ন স্থিতি নির্বিশেষে, আওতায় আনে।

লিখিত চুক্তি

\$800 বা তার বেশি মূল্যের চুক্তি লিখিতভাবে হওয়া আবশ্যিক। আপনার ও স্বাধীন কর্মীর মধ্যে সেই যাবতীয় চুক্তিই এর অন্তর্ভুক্ত কোন 120-দিনের সময়কালে যার মোট মূল্য পরিমাণ \$800. লিখিত চুক্তিতে কী কাজ করতে হবে; কাজের জন্য কত পারিশ্রমিক দেওয়া হবে; এবং কোন তারিখে তা দেওয়া হবে তা লেখা থাকা আবশ্যিক। আপনার ও স্বাধীন কর্মীর কাছে যে কোন লিখিত চুক্তির প্রতিলিপি রাখা আবশ্যিক।



সময়মতো পেমেন্ট



যাবতীয় সম্পূর্ণ করা কাজের জন্য আপনার স্বাধীন কর্মীকে পেমেন্ট করা আবশ্যিক। আপনার চুক্তিতে থাকা তারিখে বা তার আগে পেমেন্ট করা আবশ্যিক। চুক্তির মধ্যে কোন পেমেন্টের তারিখ না থাকলে আপনাকে অবশ্যই স্বাধীন কর্মীর কাজ সম্পূর্ণ করার 30 দিনের মধ্যে পেমেন্ট করতে হবে।

কোন প্রতিশোধ নেওয়া হবে না



তাঁরা তাঁদের অধিকার প্রয়োগ করেছেন বলে স্বাধীন কর্মীদেরকে শাস্তি দেওয়া, হুমকি দেওয়া অথবা কালোতালিকাভুক্ত করা বেআইনি।

অভিযোগ

COMPLAINT FORM



একজন স্বাধীন কর্মী DCA'র লেবার পলিসি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অফিসে অভিযোগ দায়ের করতে পারেন। আপনার বিরুদ্ধে কোন অভিযোগ দায়ের করা হলে DCA আপনাকে তা জানাবে। আপনার অভিযোগের নোটিশ পাওয়ার 20 দিনের মধ্যে তার জবাব দেওয়া আবশ্যিক। আপনি জবাব না দিলে এবং স্বাধীন কর্মী আদালতে দেওয়ানি মামলা দায়ের করলে বিচারক ধরে নেবেন যে আপনি এই লঙ্ঘনটি করেছেন। আপনার কোন প্রশ্ন থাকলে freelancer@dca.nyc.gov-এ ইমেল করুন।

দেওয়ানি মামলা



একজন স্বাধীন কর্মী আইন লঙ্ঘনের জন্য আদালতে দেওয়ানি মামলা দায়ের করতে পারেন। আদালত যদি দেখে যে আপনি আইন লঙ্ঘন করেছেন, সেক্ষেত্রে আপনি ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন - দেবীতে পেমেন্ট বা পেমেন্ট না করার জন্য দ্বিগুণ ক্ষতিপূরণ; লিখিত চুক্তি পেশ করতে ব্যর্থ হওয়া বা প্রতিশোধের জন্য অতিরিক্ত ক্ষতিপূরণ - এর সঙ্গে যোগ হবে অ্যাটর্নির পারিশ্রমিক ও খরচ।